

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: ২৪৪

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
০২ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় ফরমপূরণকারী নিয়মিত ছাত্রছাত্রীদের মধ্যে থেকে দরিদ্র তহবিল হতে সাহায্যের জন্য আবেদনপত্র আহ্বান


দিনাজপুর সরকারি কলেজের ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় ফরমপূরণকারী নিয়মিত ছাত্রছাত্রীদের মধ্যে থেকে দরিদ্র তহবিল হতে সাহায্যের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনপত্রের সাথে ফরমপূরণের রশিদের ফটোকপি, ০১ (এক) কপি সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিভাবকের আর্থিক অবস্থার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। আবেদনপত্র নিজ নিজ বিভাগে জমা দিতে হবে। বোর্ডবৃত্তি/সরকারি কোন আর্থিক সাহায্য/ফুল ফ্রি/হাফ ফ্রি প্রাপ্ত ছাত্রছাত্রী আবেদন করতে পারবে না।


আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২৬/০৬/২০২৫ খ্রিস্টাব্দ  
সাক্ষাৎকার তারিখ এবং সময় : বিভাগ নির্ধারিত

সম্মানিত বিভাগীয় প্রধানগণকে আবেদনকারীদের কাগজপত্র যাচাই এবং তাদের সাক্ষাৎকার প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচিত দরিদ্র ছাত্রছাত্রীদের তালিকা আবেদনপত্রসহ বৃত্তি ও অনুদান কমিটির (স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) বৃত্তি ও আহ্বায়কের নিকট আগামী ২৯/০৬/২০২৫ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

বি: দ্র: সম্মানিত বিভাগীয় প্রধানগণকে প্রতি ৩০ জন নিয়মিত ফরমপূরণকারী পরীক্ষার্থীর বিপরীতে ০১ জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর নাম সুপারিশ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষর

  
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

  
(মো. দাইমুল ইসলাম)  
আহ্বায়ক

বৃত্তি ও অনুদান কমিটি (স্নাতক (পাস)/স্নাতক (সম্মান))  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

স্মারক নম্বর:

তারিখ:

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. বিভাগীয় প্রধান সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৩. অফিস নথি